বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক কাকরাইল, ঢাকা-১০০০ বাংলাদেশ

BANGLADESH SCOUTS
National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, BANGLADESH

স্মারক নং: বাঃ স্কাঃ (আন্তর্জাতিক-২৭৯/২০২৬)/ ১২৭৫(৩০)/২০২৬

তারিখ : ০২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

অফিস স্মারক

বিষয়: The 24th Aotearoa New Zealand Scout Jamboree-তে বাংলাদেশ স্কাউটস এর প্রতিনিধিদল মনোনয়ন ও অর্থ জমা প্রদান সম্পর্কীয়।

আগামী ২৮ ডিসেম্বর ২০২৬ থেকে ০৭ জানুয়ারি ২০২৭ তারিখে Mystery Creek, Hamilton, Waikato, New Zealand-তে The 24th Aotearoa New Zealand Scout Jamboree অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পে অংশগ্রহণের জন্য (২য় পর্যায়ে) বাংলাদেশ স্কাউটস থেকে নিম্নবর্ণিত অ্যাডাল্ট লিডারকে মনোনয়ন করা হয়েছে।

Sl.	Name	Scout designation & address	Region	Mobile No	Gender
1	Professor Sayed Aktaruzzaman	President, Bangladesh Scouts, Dhaka Region	Dhaka	01761718265	Male

বাংলাদেশ স্কাউটস থেকে অংশগ্রহণের জন্য মনোনীতদের প্রাথমিকভাবে রেজিস্ট্রেশন ফি ও প্রস্তুতিমূলক কাজ করার জন্য (১ম পর্যায়ে) "বাংলাদেশ স্কাউটস" শিরোনামে জনপ্রতি =৩৫,০০০.০০ (পঁয়ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার/ডিডি (চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়) আগামী ২৯ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে বাংলাদেশ স্কাউটস এর হিসাব বিভাগে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। অবশিষ্ট অর্থ জমা নেয়ার বিষয়ে পরবর্তীতে অবহিত করা হবে।

বর্ণিত সময়ের মধ্যে নির্ধারিত অর্থ জমা প্রদান না করলে ধরে নেয়া হবে যে, তিনি/তাঁরা বর্ণিত ইভেন্টে অংশগ্রহণে আগ্রহী নন। বর্ণিত ইভেন্ট শেষে প্রকৃত আয়-ব্যয় হিসাব সমন্বয় করা হবে, এবিষয়ে বাংলাদেশ স্কাউটস এর কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না। মনোনীত অংশগ্রহণকারীদের 'আন্তর্জাতিক ইভেন্টে যথানিয়মে অংশগ্রহণ ও দেশে প্রত্যাবর্তনের শর্তাবলী সংবলিত নির্ধারিত অঙ্গীকারনামা' ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ প্রিন্ট করে পিতা/ মাতা/ অভিভাবক এবং স্কাউট গ্রুপ কর্তৃপক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক নোটারী করে (পরবর্তী এক মাসের মধ্যে) বাংলাদেশ স্কাউটস এর আন্তর্জাতিক বিভাগে জমা দিতে হবে।

১৮/১০/২৬.
(মোঃ শামসুল হক)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে :
১। সম্পাদক/আঞ্চলিক পরিচালক/ উপপরিচালক, বাংলাদেশ স্কাউটস, সংশ্লিষ্ট অঞ্চল।
২। উপ-পরিচালক (হিসাব), বাংলাদেশ স্কাউটস (মনোনীত সদস্যগণের নিকট থেকে অর্থ গ্রহণের অনুরোধ করা হলো)।
৩। গ্রুপ সভাপতি/ সম্পাদক, তালিকায় বর্ণিত স্কাউট গ্রুপ।
৪। মনোনীত সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস।

সদয় জ্ঞাতার্থে :
১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।
২। কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস।
৩। অফিস কপি।